[redacted]

[redacted]

হয়েছে। আমি গ্রাম্য মাতব্বরদের অভিযোগ করার সাথে সাথে বিদ্যালয়ের সমস্ত শিক্ষার্থীর বাবা মায়েরা তাদের মোবাইল নিয়ে আসেন এবং তা পরিক্ষা করে দেখেন তারে সাথে টাকা তুলে নেয়া হয়েছে। পরে গ্রাম্যশালিশের মাধ্যমে বিভিন্ন শিক্ষার্থীদের ৪০ হাজার টাকা ফেরত দেবার শর্তে তা মিমাংসা করা হয়।

এবিষয়ে আয়শা টেলিকমের মালিক আতাউর রহমান বলেন, ওদের টাকা বিকাশ একাউন্টে না এসে ব্যালেন্সে জমা হওয়ায় আমি বুঝতে পারিনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোশনারা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বিষয়টি ধামা চাপা দেবার চেস্টা করলেও তা পারেনি । আমরা দ্রত তাকে চাপ দিয়ে যার যার টাকা তাদের ফিরিয়ে দিয়েছি। তবে এসকল প্রতারক দোকানদারদের বিকাশ এজেন্ট বাতিল না করলে প্রতারণা বাড়বে বলেও মন্তব্য করেন এই শিক্ষক।